প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ০৬:৫২ এএম

শিক্ষাঙ্গন

# ডাকসু নির্বাচনে সাইবার অপরাধ সহ্য করা হবে না: রিটার্নিং অফিস

যুগান্তর প্রতিবেদন
প্রকাশ: ০৪ সেপ্টেম্বর ২০২৫, ০৪:৩১ পিএম



রিটার্নিং অফিস জানিয়েছে, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন ঘিরে কোনো ধরনের সাইবার অপরাধ সহ্য করা হবে না। এক্ষেত্রে কোনো ধরনের ছাড় দেওয়া হবে না।

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) এ বিষয়ে ব্যবস্থা নিতে রিটার্নিং অফিস থেকে জানানো হয়েছে।

রিটার্নিং অফিস জানায়, ডাকসু ও হল সংসদ নির্বাচন ঘিরে প্রার্থীদের প্রচারণাকালে কোনো কোনো ক্ষেত্রে অতীতের কর্মকাণ্ড নিয়ে সাইবার বুলিং এবং ব্যক্তিগত চরিত্রহননের চেষ্টা চালানো হচ্ছে। বিশেষত- ছাত্রী প্রার্থীদের নিয়ে নানাভাবে সাইবার বুলিংয়ের ঘটনা ঘটছে, যা মানবাধিকার পরিপন্থি।

রিটার্নিং অফিস আরও জানায়, কারো বিরুদ্ধে এমন অভিযোগ প্রমাণিত হলে রিটার্নিং কর্মকর্তাদের ডাকসু আচরণবিধি সংক্রান্ত টাস্কফোর্স এবং সাইবার নিয়ন্ত্রণ সেলের মাধ্যমে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।